গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
প্রশাসন শাখা

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২১ পালনের কর্মসূচি চূড়ান্তকরণে ফলোআপ (ভার্চুয়াল) সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ০৫ আগস্ট ২০২১ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভার্চুয়াল প্লাটফর্ম (জুম) |
| উপস্থিতি | ... |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নৌপরিবহন প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ মহোদয় সদয় হয়ে উপস্থিত থাকায় সভাপতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং ১৫ আগস্ট ১৯৭৫-এর সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন। সভাপতি জানান যে ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুসারে নৌপরিবহন মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণের ও বাস্তবায়নের লক্ষ্যে এ ফলো-আপ সভা আয়োজন করা হয়েছে। কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণ পরিস্থিতির কারণে যতদুর সম্ভব ভার্চুয়াল মাধ্যমে ১৫ আগস্ট এর কর্মসূচি পালন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় কর্মসূচি ও সে আলোকে আজকের সভার কার্যপত্র ও বিগত সভার সিদ্ধান্তসমূহ যুগ্মসচিব (প্রশাসন) সভায় উপস্থাপন করেন। সভাপতির আহবানে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি সম্পর্কে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও দপ্তর/স্থংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। কর্মসূচিসমূহ চুড়ান্ত করার লক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় গুরুত্বপূর্ণ নির্দেশনা ও মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে যথাসম্ভব তথ্য-প্রযুক্তি ব্যবহার করে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে পতাকাবিধি অনুসরণ করে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২ | গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় অনুষ্ঠিতব্য কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আমন্ত্রিত অতিথি, নেতৃবৃন্দ ও জনসাধারণের যাতায়াতের জন্য পাটুরিয়া-দৌলতদিয়া ফেরিঘাট ও শিমুলিয়া-কাঁঠালবাড়ী ঘাটে আগামী ১৪, ১৫ ও ১৬ আগস্ট ২০২১ তারিখ মোট ০৩ দিন লজিস্টিক সুবিধাদিসহ পর্যাপ্ত সংখ্যক ফেরি প্রস্তুত রাখতে হবে। অনুরূপভাবে ফেরি ও ফেরিঘাটসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন, সচল ও চলাচলের উপযোগী রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সকলকে উৎসাহিত/সচেতন করতে হবে। প্রয়োজনীয় পরিমাণে স্যানিটাইজার, মাস্ক ইত্যাদি উপকরণ বিতরণ করা যেতে পারে। | বিআইডব্লিউটিসি/ বিআইডব্লিউটিএ |
| ৩ | ১৪ আগস্ট ২০২১ তারিখ সকাল ১০.০০ টায় জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)-এর হলরুমে আলোচনা সভার আয়োজন করা হবে। এ সময় মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রী কর্তৃক একই ভবনে নৌপরিবন অধিদপ্তর কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/ বিআইডব্লিউটিএ/নৌপরিবহন অঅধিদপ্তর ও অন্যান্য সংস্থাসমূহ |

| | | |
|---|---|---|
| ৪ | ১৫ আগস্ট ২০২১ তারিখ সকাল ০৯.০০ টায় জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর কার্যালয়ের প্রবেশপথে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে স্বাস্থবিধি মেনে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক পুস্পস্তবক অর্পণ। | নৌপরিবহন মন্ত্রণালয়/ বিআইডব্লিউটিএ ও অন্যান্য সংস্থাসমূহ |
| ৫ | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে দিবসটি পালনের জন্য ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। এছাড়া হামদ-নাত প্রতিযোগিতা ও অন্যান্য উপযুক্ত কর্মসূচি আয়োজন করবে। | দপ্তরস্থংস্থা/মেরিন একাডেমিসমূহ/ মেরিন ইনস্টিটিউট |
| ৬ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্নজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬ট গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা করবে। রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম ও অন্যান্য কার্যক্রমে পুরস্কার ও কৃতি শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সকল দপ্তর/সংস্থা বইগুলো দাপ্তরিক লাইব্রেরিতে ব্যবহারের জন্য সংগ্রহ করবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/সকল দপ্তর/সংস্থা |
| ৭ | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে। | সকল দপ্তর/স্থংস্থা |
| ৮ | ১৫ আগস্ট ২০২১ তারিখে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)-এ কর্তৃক ঢাকা সদরঘাটে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ঘাট শ্রমিকদের মধ্যে শুকনো খাবার বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিআইডব্লিউটিএ |
| ৯ | মন্ত্রণালয়ের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থায় সাম্প্রতিক বঙ্গবন্ধু কর্ণার/লাইব্রেরি স্থাপন করা হয়েছে, তা উদ্বোধন করার কার্যক্রম গ্রহণ করা হবে। | সংশ্লিষ্ট দপ্তর/স্থংস্থা |
| ১০ | জাতীয় শোক দিবসের উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচি আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্দেশিত ও নির্ধারিত মাপে সংস্থাসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার টাঙ্গানো হবে। তবে এক্ষেত্রে আবশ্যিকভাবে কমিটির নির্দেশনা অনুসরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১২ | জাতীয় কর্মসূচির আলোকে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/স্থংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচি আগামী ১০ আগস্ট ২০২১ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সকল দপ্তর/সংস্থা |

৩। যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলের প্রতি অনুরোধ জানান।এ পর্যায়ে মাননীয় প্রতিমন্ত্রী দিবসের অনুষ্ঠানাদি পালনকালে যথাযথ স্বাস্থ্যবিধি এবং সামাজিক দূরত্ব সতর্কতার সাথে মেনে চলার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া সম্ভাব্য ক্ষেত্রে ভার্চুয়াল মাধ্যমে কর্মসূচিসমূহ পালনের বিষয়ে গুরুত্বারোপ করেন।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৬.২৩.০০২.২০.৫২

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৮
০৭ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব, বন্দর অনুবিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৪) অতিরিক্ত সচিব, সংস্থা-২ অনুবিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৫) অতিরিক্ত সচিব, সংস্থা-১ , নৌ-পরিবহন মন্ত্রণালয়
৬) চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসাইন টাওয়ার, (১২ তলা) বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর রোড, ১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০।
৭) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
৮) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, মোংলা বন্দর কর্তৃপক্ষ
৯) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
১০) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন
১১) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১২) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
১৩) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
১৪) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১৫) যুগ্মসচিব, পাবক অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
১৬) যুগ্মসচিব, চুক্তি ও প্রটোকল অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
১৭) যুগ্মসচিব, পরিকল্পনা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
১৮) যুগ্ম সচিব, টিএ অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
১৯) যুগ্মসচিব, জাহাজ অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২০) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২১) যুগ্মসচিব, টিসি অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২২) যুগ্ম সচিব, বাজেট অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২৩) যুগ্ম সচিব , চবক অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২৪) যুগ্মসচিব, মোবক অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২৫) যুগ্মসচিব, উন্নয়ন, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২৬) যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২৭) উপসচিব, মোবক শাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২৮) উপসচিব, পাবক শাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
২৯) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী
৩০) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩১) উপসচিব, বাস্থবক শাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩২) উপসচিব, টিএ শাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩৩) হিসাব রক্ষণ কর্মকর্তা , অডিট শাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩৪) উপসচিব , নৌশিক্ষা ও প্রশিক্ষণ, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩৫) উপসচিব , বাজেট শাখা, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩৬) মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৩৭) উপসচিব, টিসি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়

৩৮) উপপরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর

৩৯) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট

৪০) সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌ-পরিবহন মন্ত্রণালয়

৪১) প্রোগ্রামার, আইসিটি সেল, নৌ-পরিবহন মন্ত্রণালয়



মোঃ আলমগীর কবির
সিনিয়র সহকারী সচিব